ঢাকা ওয়াসা

১) ২০২৬-২০২৭ অর্থ বৎসরের প্রাক্কলিত বাজেট বরাদ্দের কপি।
২) ২০২৬-২০২৭ অর্থ বৎসরের বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
৩) গেট পাস।
৪) পূর্বনুমোদিত দরের কপি।
৫) প্রাক্কলন।

বিষয়ঃ“Supply of Labour and Accessories to Carry New goods For SOC sub-store From Central Store” শীর্ষক কাজ প্রসঙ্গে।

০১। উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে ক্রমিক নং- ০১ হতে ০৫ পর্যন্ত সদয় দেখা যেতে পারে। এস ও সি বিভাগ ঢাকা ওয়াসার একটি গুরুত্বপূর্ন বিভাগ। ঢাকা ওয়াসার আওতাধীন প্রায় ১৩৪০ টি পানির পাম্প রয়েছে। এই সব পাম্পের মাধ্যমে পানি উৎপাদন করে নগরবাসীকে পানি সরবরাহ করা হয়। উৎপাদিত পানি সরবরাহের পূর্বে জীবানুমুক্ত করা হয়। এজন্য ক্লোরিন গ্যাস ও ব্লিচিং পাউডার পানিতে ব্যবহার করা হয়। এসব কেমিক্যাল ব্যবহার করার জন্য ক্লোরিন গ্যাস ডোজিং সিষ্টেম এবং ব্লিচিং পাউডার ডোজিং সিষ্টেম স্থাপন করতে হয়। বর্তমানে ঢাকা ওয়াসার এসওসি বিভাগের আওতায় প্রায় ৮২১ টি পাম্পে ক্লোরিন গ্যাস ডোজিং সিষ্টেম রয়েছে। উক্ত ডোজিং সিস্টেমটি সচল রাখার জন্য ক্লোরিন গ্যাস সিস্টেমে ব্যবহার করা হয় Vacuum regulator, ejector প্রভৃতি সহ আরও অসংখ্য যন্ত্রাংশ। ক্লোরিনেশন সিস্টেম এ ব্যবহৃত যন্ত্রাংশসমূহ কেন্দ্রীয় ভান্ডার বিভাগ হতে সংগ্রহ হয়। উক্ত মালামাল সংগ্রহ কাজ করার জন্য বেশ কিছু সংখ্যক বস্তা, জুট, কাঁচি ইত্যাদি মালামাল প্রয়োজন। এছাড়াও মালামালসমূহ গাড়িতে লোডিং ও আনলোডিং এর জন্য লেবার প্রয়োজন হবে। উক্ত কাজ সম্পাদনের লক্ষ্যে PWD Rate Schedule এবং পূর্বনুমোদিত দরের ভিত্তিতে Supply of Labour and Accessories to Carry New goods for SOC sub-store From Central Store কাজের জন্য একটি প্রাক্কলন প্রস্তুত করা হল (সংযুক্তি নং-০৫ দ্রঃ)। যাতে টাকার অংক এসেছে টাঃ ৪৯,৫৩০.০০/= (টাকা উনপঞ্চাশ হাজার পাঁচশত ত্রিশ টাকা) মাত্র।

০২। আলোচ্য কাজটি অত্র বিভাগের ২০২৬-২০২৭ ইং অর্থ বৎসরের প্রাক্কলিত বাজেটের পরিচালন ব্যয় “অফিস রক্ষনাবেক্ষন”কোড নং-০১-০২-০১২ খাত হতে নির্বাহ করা যেতে পারে। যাহা ২০২৬-২০২৭ অর্থ বৎসরের বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রঃ নং-33 এর L.S-OM হতে নির্বাহ করা হবে। উল্লেখ্য যে ঢাকা ওয়াসার DOFP অনুযায়ী আলোচ্য কাজটি অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

০৩। এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে Supply of Labour and Accessories to Carry New goods For SOC Sub-Store From Central Store কাজটির উপস্থাপিত টাকা ৪৯,৫৩০.০০/= (টাকা উনপঞ্চাশ হাজার পাঁচশত ত্রিশ টাকা) মাত্র প্রাক্কলনটির আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদনসহ PPA-2006 এবং PPR-2025 এর বিধি ৯৯/১ (ড) মোতাবেক (DPM) হিসেবে ঠিকাদার মেসার্স আক্তার এন্টারপ্রাইজ কর্তৃক কাজটি সম্পাদন করার নিমিত্তে প্রধান প্রকৌশলী মহোদয়ের সদয় অনুমোদনের জন্য সবিনয়ে পেশ করা হলো।

06.9.26
মোঃ আবু হোসাইন
উপ-সহকারী প্রকৌশলী
এস ও সি বিভাগ
ঢাকা ওয়াসা

06.09.26
রুখছানা পারভীন
সহকারী প্রকৌশলী (চঃ দাঃ)
এস ও সি বিভাগ
ঢাকা ওয়াসা।

06.09.26
সাদ্দাম হোসেন
নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ)
এস ও সি বিভাগ
ঢাকা ওয়াসা।

07/9/26
SE(MWC)
মোহাম্মদ হুমায়ুন কবীর
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃ দাঃ)
এস.এম.ডব্লিউ.সি সার্কেল
ঢাকা ওয়াসা।

C.E

15.09.2026
আলমগীর হাছিন আহমেদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

SE(MWC)